

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর  
(সাধারণ শাখা)  
[www.madaripur.gov.bd](http://www.madaripur.gov.bd)


জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

আহ্বায়ক	:	ড. রহিমা খাতুন, জেলা প্রশাসক, মাদারীপুর
সভার তারিখ	:	২৫ সেপ্টেম্বর ২০২২
সময়	:	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	:	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
সভায় উপস্থিতি	:	নথিতে সংরক্ষিত

কমিটির আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আহ্বায়কের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও অত্র কার্যালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনান এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। জাতীয় শুদ্ধাচার কৌশলের ব্যাপক প্রচার এবং জনঅবহিতকরণের লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	জনাব শিমুল কুমার সাহা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর আলোচনার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে জেলা প্রশাসক মাদারীপুরের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড করার বিষয়ে আলোকপাত করেন।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে জেলা প্রশাসক মাদারীপুরের শুদ্ধাচার সেবাবক্সে আপলোড করতে হবে।	সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
০২	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও শুদ্ধাচার প্রশিক্ষনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি দপ্তরকে লক্ষ্যমাত্রা অর্জনে নিয়মিত শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষনের আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
০৩	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যারা শুদ্ধাচার চর্চায় এগিয়ে আছে তাদেরকে স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদান করার বিষয়ে আলোকপাত করেন।	শুদ্ধাচার চর্চার স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদান করা যেতে পারে	জেলা নৈতিকতা কমিটি, মাদারীপুর
০৪।	দুর্নীতি প্রতিরোধে প্রতিটি দপ্তরে অভিযোগ বক্স স্থাপন এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	অভিযোগবক্স স্থাপন ও তার ব্যবহার কার্যকর করতে হবে। অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) ব্যবহার সম্পর্কে সংশ্লিষ্টদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মাদারীপুর
০৫	জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে কর্ম পরিবেশ উন্নয়ন।	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে কর্ম পরিবেশ উন্নয়ন করতে হবে। এক্ষেত্রে নারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য আলাদা ওয়াশরুম ও নামাজের স্থান	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর ও নেজারত ডেপুটি কালেক্টর।

		নিশ্চিত করতে সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া নিয়মানুবর্তীতা মেনে সঠিক ভাবে জনগনকে সেবা প্রদান নিশ্চিত করতে বলা হয়।	
৬।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে জমির কাগজপত্র, ব্যক্তির জাতীয় পরিচয়পত্র পরীক্ষান্তে জমি অধিগ্রহণের চেক প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে জমির কাগজপত্র, ব্যক্তির জাতীয় পরিচয়পত্র পরীক্ষান্তে জমি অধিগ্রহণের চেক প্রদান করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মাদারীপুর


  
 (ড. রহিমা খাতুন)  
 জেলা প্রশাসক  
 মাদারীপুর  
 ফোন: ০২৪৭৮৮১০৭৭৭  
 dcmadaripur@mopa.gov.bd

নম্বর- ০৫.৪১.৫৪০০.০০.১০৭.০৬.০২৭.২২- ৪৬২

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৯  
০৬ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কাযার্থে:

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাদারীপুর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/কালকিনি/ডাসার/শিবচর/রাজৈর, মাদারীপুর।
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), মাদারীপুর সদর/কালকিনি/ডাসার/শিবচর/রাজৈর, মাদারীপুর।
- ০৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাদারীপুর।
- ০৮। জনাব..... মাদারীপুর।
- ০৯। অফিস কপি।

  
 জেলা প্রশাসক  
 মাদারীপুর